FEB. 1 2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ কলাম ...৩....

দৈনিক ইত্তেফাক

# শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রতীক অনশন

**ইত্তেফাক রিপোর্ট ॥** ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে শিক্ষক কর্মচারী ঐক্যজোট গতকাল (বুধবার) মুক্তাঙ্গনে দিনব্যাপী প্রতীক অনশনের আয়োজন করে। সকাল ১০টায় এই অনশন শুরু হইয়া বিকাল ৪টায় শেষ হয়। অনশন শেষে এক সমাবেশে দাবী আদায়ের লক্ষ্যে ৬ই ফেব্রুয়ারী কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক মহাসমাবেশ সফল করিয়া তোলার আহ্বান জানান হয়। ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যাপক এম, শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া ও জোটের অন্যান্য কর্মকর্তা অনশন চলাকালে বক্তৃতা করেন।